



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সুণামগঞ্জ সরকারি কলেজ

হাসননগর, সুণামগঞ্জ-৩০০০

ফোন: +8802996600726, ইমেইল- sgovc@yahoo.com, ওয়েবসাইট: www.sugc.edu.bd

তারিখ: ০৪ মে ২০২৬ খ্রি.

বার্ষিক মিলাদ মাহফিল-২০২৬ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সুণামগঞ্জ সরকারি কলেজের সকল শিক্ষার্থীকে জানানো যাচ্ছে যে, বার্ষিক মিলাদ উপলক্ষে ইসলামি সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা আগামী ১৩ মে ২০২৬ খ্রি. ও ১৪ মে ২০২৬ খ্রি. কলেজ অডিটোরিয়ামে অনুষ্ঠিত হবে। অংশগ্রহণেচ্ছুক শিক্ষার্থীদের নির্ধারিত তারিখে উপস্থিত হয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নির্দেশ দেওয়া গেল।

প্রতিযোগিতার বিষয়, তারিখ, সময় ও স্থান নিম্নরূপ:

প্রতিযোগিতার স্থান: কলেজ অডিটোরিয়াম

| তারিখ ও সময়                                  | প্রতিযোগিতার বিষয়  |   |
|---|---|---|
|   | ক গ্রুপ   | খ গ্রুপ   |
|   | একাদশ ও দ্বাদশ শ্রেণি   | স্নাতক(পাস), স্নাতক(সম্মান)<br>ও স্নাতকোত্তর শ্রেণি                                       |
| ১৩ মে ২০২৬ খ্রি.<br>বুধবার<br>সকাল ১০.৫০      | ০১। কেরাত<br>০২। আযান<br>০৩। হামদ<br>০৪। নাতে রাসুল (সাঃ)   | ০১। উপস্থিত বক্তৃতা<br>০২। ইসলামি কবিতা আবৃত্তি<br>০৩। প্রবন্ধ রচনা                       |
| ১৪ মে ২০২৬ খ্রি.<br>বৃহস্পতিবার<br>সকাল ১০.৫০ | ০১। উপস্থিত বক্তৃতা<br>০২। ইসলামি কবিতা আবৃত্তি<br>০৩। প্রবন্ধ রচনা<br>০৪। ইসলামিক কুইজ প্রতিযোগিতা | ০১। কেরাত<br>০২। আযান<br>০৩। হামদ<br>০৪। নাতে রাসুল (সাঃ)<br>০৫। ইসলামিক কুইজ প্রতিযোগিতা |
| ২১ মে ২০২৬ খ্রি.<br>বৃহস্পতিবার<br>সকাল ১০.৩০ | বার্ষিক মিলাদ ও দোয়া মাহফিল ২০২৬<br>এবং ইসলামি সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী   |   |

- ❖ ইসলামি কবিতা আবৃত্তি: ক গ্রুপ- জাতীয় কবি কাজী নজরুল ইসলাম রচিত কবিতা 'আল্লাহ আমার প্রভু' (কবিতা সংযুক্ত)
- ❖ ইসলামি কবিতা আবৃত্তি: খ গ্রুপ- কবি ফররুখ আহমদ রচিত কবিতা 'পাঞ্জেরী' (কবিতা সংযুক্ত)
- ❖ প্রবন্ধ রচনা শিরোনাম: ক গ্রুপ- 'রাষ্ট্র পরিচালনায় হযরত মুহাম্মদ (সাঃ)'
- ❖ প্রবন্ধ রচনা শিরোনাম: খ গ্রুপ- 'বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় হযরত মুহাম্মদ (সাঃ)'

বি. দ্র.: ইসলামি কুইজ প্রতিযোগিতা ব্যতীত একজন প্রতিযোগী ৩টির অধিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না।

প্রতিস্বাক্ষর

০৪/০৫/২০২৬  
(প্রফেসর মোঃ আবুল কাশেম আজাদ)  
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)  
সুণামগঞ্জ সরকারি কলেজ, সুণামগঞ্জ।

০৪/০৫/২০২৬  
(প্রফেসর মোহাম্মদ আব্দুর রকিব)

অধ্যাপক (পদার্থবিদ্যা) ও  
আহ্বায়ক  
বার্ষিক মিলাদ পরিচালনা কমিটি-২০২৬  
সুণামগঞ্জ সরকারি কলেজ, সুণামগঞ্জ।

## আল্লাহ আমার প্রভু

- কাজী নজরুল ইসলাম

আল্লাহ আমার প্রভু, আমার নাহি নাহি ভয়  
আমার নবী মোহাম্মদ, যাঁহার তারিফ জগৎময়।।  
আমার কিসের শঙ্কা, কোরআন আমার ডঙ্কা,  
ইসলাম আমার ধর্ম, মুসলিম আমার পরিচয়।।

কলেমা আমার তাবিজ, তৌহিদ আমার মুর্শিদ,  
ঈমান আমার বর্ম, হেলাল আমার খুরশিদ।  
'আল্লাহু আকবর' ধ্বনি আমার জেহাদ-বাণী,  
আখের মোকাম ফেরদৌস খোদার আরশ যথায় রয়।।

আরব মিশর চীন হিন্দ মুসলিম- জাহান মোর ভাই,  
কেহ নয় উচ্চ কেহ নীচ, এখানে সমান সবাই।  
এক দেহ এক দিল এক প্রাণ, আমীর ফকির এক সমান,  
এক তকবীরে উঠি জেগে, আমার হবেই হবে জয়।।

## পাঞ্জেরি ফররুখ আহমেদ

রাত পোহাবার কত দেরি পাঞ্জেরি?  
এখনো তোমার আসমান ভরা মেঘে?  
সেতারা, হেলার এখনো ওঠেনি জেগে?  
তুমি মাস্তুলে, আমি দাঁড় টানি ভুলে;  
অসীম কুয়াশা জাগে শূন্যতা ঘেরি।  
রাত পোহাবার কত দেরি পাঞ্জেরি?  
দীঘল রাতের শান্তসফর শেষে  
কোন দরিয়্যার কালো দিগন্তে আমরা পড়েছি এসে?  
এ কী ঘন-সিয়া জিন্দেগানীর বা' ব  
তোলে মর্সিয়া ব্যথিত দিলের তুফান-শ্রান্ত খা' ব  
অস্ফুট হয়ে ক্রমে ডুবে যায় জীবনের জয়ভেরী।  
তুমি মাস্তুলে, আমি দাঁড় টানি ভুলে;  
সম্মুখে শুধু অসীম কুয়াশা হেরি।  
রাত পোহাবার কত দেরি পাঞ্জেরি?  
বন্দরে বসে যাত্রীরা দিন গানে,  
বুঝি মৌসুমী হাওয়ায় মোদের জাহাজের ধ্বনি শোনে,  
বুঝি কুয়াশায়, জোছনা- মায়ায় জাহাজের পাল দেখে।  
আহা, পেরেশান মুসাফির দল।  
দরিয়্যা কিনারে জাগে তক্দিরে  
নিরাশায় ছবি ঐকে!  
পথহারা এই দরিয়্যা- সোঁতারা ঘরে  
চলেছি কোথায়? কোন সীমাহীন দূরে?  
তুমি মাস্তুলে, আমি দাঁড় টানি ভুলে;  
একাকী রাতের গান জুলমাত হেরি!  
রাত পোহাবার কত দেরি পাঞ্জেরি?  
শুধু গাফলতে শুধু খেয়ালের ভুলে,  
দরিয়্যা- অথই ভ্রান্তি- নিয়াছি ভুলে,  
আমাদেরি ভুলে পানির কিনারে মুসাফির দল বসি  
দেখেছে সভয়ে অন্ত গিয়াছে তাদের সেতারা, শশী।  
মোদের খেলায় ধুলায় লুটায়ে পড়ি।  
কেটেছে তাদের দুর্ভাগ্যের বিশ্বাস শবরী।  
সওদাগরের দল মাঝে মোরা ওঠায়েছি আহাজারি,  
ঘরে ঘরে ওঠে ক্রন্দনধ্বনি আওয়াজ শুনছি তারি।  
ও কি বাতাসের হাহাকার,- ও কি  
রোনাজারি ক্ষুধিতের!  
ও কি দরিয়্যার গর্জন,- ও কি বেদনা মজলুমের!  
ও কি ধাতুর পাঁজরায় বাজে মৃত্যুর জয়ভেরী।  
পাঞ্জেরি!  
জাগো বন্দরে কৈফিয়তের তীব্র ঝকুটি হেরি,  
জাগো অগণন ক্ষুধিত মুখের নীরব ঝকুটি হেরি!  
দেখ চেয়ে দেখ সূর্য ওঠার কত দেরি, কত দেরি!!